

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৩১.১৭২.০১.০২০.২০১১ (২য় খন্ড)-৫৩

তারিখঃ ২৮.০১.২০১৫ খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন (তৃতীয় ফেইজ), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস”(কোড নং-৫-২৭-১১-৫২২০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ১ম-২য় কিস্তির অর্থছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস”(কোড নং-৫-২৭-১১-৫২২০) কর্মসূচির অনুকূলে চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ১ম-২য় কিস্তি বাবদ ৩৭৫০.০০ লক্ষ (সাতত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকার (১১.০১.২০১৫ তারিখের ৪৫.১৩১.১৭২.০১.০২০.২০১১ (২য় খন্ড)-১৫ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী) সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছে। এই ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস”(কোড নং-৫-২৭-১১-৫২২০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।

০২। অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক সরকারী সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে।

০৩। লাইন ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিন্যান্সিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ, ইউ-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ২৭.০১.২০১৫ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.৪০.২০১২-৯৪ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে নিম্নোক্ত শর্তে জারী করা হলো:

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (গ) ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।


(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩  
saspi1@mohfw.gov.bd

নং-৪৫.১৩১.১৭২.০১.০২০.২০১১ (২য় খন্ড)-৫৩/১(৯)

তারিখঃ ২৮.০১.২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
২৮.০১.২০১৫

(সালমা সিদ্দিকা মাহতাব )  
সিনিয়র সহকারী সচিব